



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/উমা/৫ম-১/৯(২য় খন্ড)/পনি-৬৭০ তারিখ: ২০.১২.২০২১

বিষয়: এইচএসসি পরীক্ষা ২০২১ এর ব্যবহারিক পরীক্ষার খাতার (নোট বুক) নম্বর প্রদান প্রসঙ্গে

সূত্র: স্মারক নং- রাশিবো/উমা/৫ম-১/৯(২য় খন্ড)/পনি-৬৪৫, তারিখ ৪ ০৫/১২/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার বিষয়ভিত্তিক ব্যবহারিক খাতার (নোট বুক) পূর্ণ নম্বর ২৫ (পঁচিশ) ধরে মূল্যায়ন করতে হবে।

পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোট বুক) এর মূল্যায়ন শেষে শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত ছক (Blank Mark Sheet) সংগ্রহ করে প্রাপ্ত নম্বরের তালিকা প্রস্তুত করে প্রতিষ্ঠান প্রধান আগামী ২৯/১২/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবেন।

কেন্দ্র তাঁর আওতাধীন প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ব্যবহারিক খাতার (নোট বুক) নম্বর আগামী ০৩/০১/২০২২ তারিখের মধ্যে শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবেন। অনলাইনে প্রেরিত মার্কশীটের হার্ডকপির ০১(এক) কপি রাজশাহী শিক্ষা বোর্ডের স্ক্রিপ্ট শাখায়, কম্পিউটার প্রিন্টের ০১ (এক) কপি কম্পিউটার শাখায় এবং ০১ (এক) কপি উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় আগামী ০৫/০১/২০২২ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। ০১ (এক) কপি সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান ও ০১ (এক) কপি সংশ্লিষ্ট কেন্দ্র সংরক্ষণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক :

প্রতিষ্ঠান প্রধান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী -এর

আওতাধীন উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান

(মোঃ আরিফুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # (০৭২১) ৭৭ ৬২ ৩১